

মিডিয়া

ভাটারায় জাতীয় সাংবাদিক সংস্থার ঢাকা বিভাগীয় কার্যালয় ও প্রেসক্লাবের উদ্বোধন

প্রতিবেদক: ভাটারা প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সাংবাদিকদের পেশাগত উন্নয়ন, পারস্পরিক ঐক্য ও কল্যাণে ঢাকার ভাটারায় জাতীয় সাংবাদিক সংস্থার ঢাকা বিভাগীয় কার্যালয় ও ভাটারা প্রেসক্লাবের যৌথ উদ্বোধন করা হয়েছে।

২ আগস্ট সকালে রাজধানীর ভাটারার বারিধারা জে ব্লক, কোকাকোলা রোডে আরহান মসজিদের পাশে নবনির্মিত কার্যালয়ে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় সাংবাদিক সংস্থার ঢাকা বিভাগীয় প্রধান উপদেষ্টা ড. এম এ কাইয়ুমকে আইডি কার্ড পরিয়ে বরণ করে নেওয়া হয়। পরে ফিতা কেটে জাতীয় সাংবাদিক সংস্থার ঢাকা বিভাগীয় কার্যালয় ও ভাটারা প্রেসক্লাবের উদ্বোধন ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সাংবাদিক সংস্থার কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি লায়ন মো. নূর ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সাংবাদিক সংস্থার সাংগঠনিক সম্পাদক মো. রেজাউল ইসলাম লাকী, সহসভাপতি মো. আতাউর রহমান, এজিএম শামসুল হক, মো. শফিকুল ইসলাম শাহীন, এসএম হুমায়ুন কবীর, মো. দেলোয়ার হোসেন ও মো. নাসির উদ্দিন পলাশ।

অনুষ্ঠানে ভাটারা থানার অফিসার ইনচার্জ মো. মাজহারুল ইসলাম উপস্থিত ছিলেন। তিনি সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনে বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। প্রধান অতিথি ও বিশেষ অতিথিরাও পর্যায়ক্রমে বক্তব্য দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাটারা প্রেসক্লাবের সভাপতি মো. সোহাগ ইসলাম। স্বাগত বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন জাতীয় সাংবাদিক সংস্থা, ঢাকা বিভাগ এবং ভাটারা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো. জহিরুল ইসলাম।

আয়োজকেরা জানান, নতুন কার্যালয়ের মাধ্যমে ভাটারা ও আশপাশের এলাকার সাংবাদিকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং ঐক্য আরও সুদৃঢ় হবে।

এ বিভাগের আরও খবর



বরিশালে দৈনিক সমকাল কার্যালয়ে সাংবাদিকের খুলন্ত মরদেহ
দৈনিক সমকাল পত্রিকার বরিশালের সাবেক ব্যুরো প্রধান পুলক চ্যাটার্জির খুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১১ সেপ্টেম্বর) রাত ৮টায় নগরী...



ইসলামি বক্তা মিছবাহের দশম স্ত্রী হতে চায় অ্যাথিনা
ইসলামি বক্তা হাবিবুর রহমান মিছবাহের দশম স্ত্রী হতে চেয়ে ফেসবুকে পোস্ট করেছেন কনটেন্ট ক্রিয়েটর অ্যাথিনা ভাবাসসুম মীম। শনিবার (২২ আগস্ট) রাত...



মিডিয়া নিয়ন্ত্রণ নয়, স্বাধীনভাবে কাজের সুযোগ দিতে হবে: তথ্যমন্ত্রী
তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিভ রহমান পার্থ বসেছেন, ট্রান্সপারেন্স ও গণমাধ্যমকে নিয়ন্ত্রণ নয়, স্বাধীনভাবে কাজের সুযোগ দিতে
হতে হবে তারবিবার (২৩ আ...



দেশে গণমাধ্যম এখন সর্বোচ্চ স্বাধীনতা ভোগ করছে: তথ্যমন্ত্রী
স্বাধীন বাংলাদেশে গণমাধ্যম বর্তমানে সর্বোচ্চ স্বাধীনতা ভোগ করছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন।
তিনি বলেন, ট...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/media/bhataray-jatiy-sangbadik-sngsthar-dhaka-bibhagiy-karjaly-o-presklaber-udbodhn>